


# বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস

অক্টোবর 6

# প্রচারণা নির্দেশিকা

2025

# বিশ্ব সিপি দিবস সম্পর্কে

বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস হলো একটি বৈশ্বিক আন্দোলন, যা সিপি (সেরিব্রাল পোলজি) আক্রান্ত ব্যক্তি এবং তাদের সহযোগীদের জন্য উদযাপন করা হয়, যারা আরও অন্তর্ভুক্তিমূলক একটি বিশ্ব গড়ার জন্য কাজ করছেন। প্রতি বছর 6 অক্টোবর, 100 এরও বেশি দেশের মানুষ একত্রিত হয়ে সচেতনতা বৃদ্ধি করে, তাদের গল্প শেয়ার করে এবং তাৎপর্যপূর্ণ পদক্ষেপ গ্রহণের আহ্বান জানায়।






5 কোটি ঐক্যবদ্ধ · 5 কোটি ঐক্যবদ্ধ · 5 কোটি ঐক্যবদ্ধ · 5 কোটি ঐক্যবদ্ধ

বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস
অক্টোবর ৬

গত বছর আমাদের ওয়ার্ল্ড সিপি দিবসের প্রচারণা পৌঁছে গিয়েছিল

# বিশ্বজুড়ে 2 কোটি 40 লক্ষ মানুষের কাছে




2025 সালে আমরা আরও বেশি উদ্দীপনা নিয়ে অনন্য ও ঐক্যবদ্ধ (Unique and United) শিরোনামে প্রচারণায় অংশ নিচ্ছি, এটা দেখাতে যে আমরা একত্রিত হলে অসম্ভবকেও সম্ভব করা যায়।

বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস
অক্টোবর ৬



ব্রাজিল


উগান্ডা



কানাডা


মেক্সিকো


যুক্তরাজ্য


জাপান


কেনিয়া



ইন্দোনেশিয়া


পোল্যান্ড



ভিয়েতনাম



নাইজেরিয়া

বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস
অক্টোবর ৬



সেন্ট লুসিয়া



ডোমিনিকান রিপাবলিক



তাইওয়ান



স্পেন




বাংলাদেশ




ভারত




ফিলিপাইন



নেপাল



ডেনমার্ক



মালয়েশিয়া



অস্ট্রেলিয়া

# প্রচারণার প্রতিপাদ্য

## #UNIQUE AND UNITED

এ বছর আমরা “**অনন্য ও ঐক্যবদ্ধ**”, যা আমাদের প্রত্যেককে অনন্য করে তোলে এবং আমরা একত্রিত হলে তখন যে শক্তি অর্জন করি তা উদযাপন করছি। সারা বিশ্বে **আনুমানিক 5 কোটি সেরিব্রাল পোলজি রোগী** রয়েছেন। কেন প্রতিটি স্থানে অন্তর্ভুক্তি গুরুত্বপূর্ণ, আমাদের গল্প এবং চাহিদা একত্রিত করে আমরা তা তুলে ধরতে পারি।



# কিভাবে অংশগ্রহণ করবেন

**আপনি এবং আপনার কমিউনিটির অংশগ্রহণের দু'টি সহজ উপায় রয়েছে:**

## 1 আপনার ছবি শেয়ার করুন

আপনি কে তা বিশ্বকে দেখান! আপনার নিজের বা কমিউনিটির একটি ছবি পোস্ট করুন এবং নানা মুখ ব্যক্তির তথ্য ও গল্পের মাধ্যমে সোশ্যাল মিডিয়ায় প্রভাব তৈরি করতে সহায়তা করুন।

## 2 কী পরিবর্তন করা দরকার সে সম্পর্কে পোস্ট করুন

প্রত্যেক কমিউনিটিই আলাদা। সেরিব্রাল পোলজিতে আক্রান্ত মানুষদের আরও ভালোভাবে সহায়তা করার লক্ষ্যে আপনার কমিউনিটির জন্য যেসব পরিবর্তন প্রয়োজন সে বিষয়ে একটি বার্তা শেয়ার করুন।



**প্রচারণার হ্যাশট্যাগ ব্যবহার করুন #UniqueAndUnited এবং @worldcpday-কে ট্যাগ করুন**

# মূল বার্তাসমূহ

বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস
অক্টোবর ৬

**1** আমরা সবাই অনন্য — আর একত্রিত হলে আমরা সত্যিকার পরিবর্তন আনতে পারি।

**2** বিশ্বজুড়ে আনুমানিক 5 কোটি মানুষ সিপিতে আক্রান্ত।

**3** আমাদের চাহিদা অনন্য, তাই সমাধানও অবশ্যই তেমনই হতে হবে।

**4** আমরা অনন্য এবং ঐক্যবদ্ধ #UniqueAndUnited.

## আমরা অনন্য এবং ঐক্যবদ্ধ

## #UNIQUE AND UNITED



বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস
অক্টোবর ৬



# #UNIQUE AND UNITED


# টেমপ্লেট

বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস
অক্টোবর ৬

# সচেতনতা থেকে পদক্ষেপ

বিশ্ব সিপি দিবস শুধু সচেতনতা তৈরির জন্য নয়, এটির লক্ষ্য পদক্ষেপ গ্রহণ এবং সে বিষয়ে অন্যদেরও অনুপ্রাণিত করা। আমরা চাই আমাদের গল্প এবং চাহিদা যেন সারা বিশ্বের নীতিনির্ধারক ও কমিউনিটিসমূহের দৃষ্টি আকর্ষণ করে। আমাদের বাস্তবতা সত্যিকারভাবে দেখা হলেই প্রকৃত পরিবর্তন সম্ভব।








## আপনার মতামত তুলে ধরতে এবং পরিবর্তনের জন্য চাপ প্রয়োগ করতে শিখুন

অ্যাডভোকেসি গাইড ডাউনলোড করুন

# সামাজিক পোস্ট

বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস
অক্টোবর ৬




**পোস্ট কপি**

এই বিশ্ব সিপি দিবসে আমরা যা আমাদের প্রত্যেককে অনন্য করে তোলে — এবং আমরা একত্রিত হলে তখন যে শক্তি অর্জন করি তা উদযাপন করছি।


**অ্যাক্সেসিবিলিটি কপি**

সেরিব্রাল পোলজি আক্রান্ত ব্যক্তিদের ছবি দিয়ে তৈরি মোজাইক এফেক্ট সম্বলিত বিশ্ব মানচিত্রের একটি গ্রাফিক। ছবিতে লেখা আছে: "এই বিশ্ব সিপি দিবসে আমরা অনন্য এবং ঐক্যবদ্ধ #Unique and United."

JPEG ডাউনলোড করুন

টেম্পলেট ডাউনলোড করুন

---




**পোস্ট কপি**

এই বিশ্ব সিপি দিবসে প্রচারণায় যোগ দিন। কেন অন্তর্ভুক্তি সর্বত্র গুরুত্বপূর্ণ একত্রে আমরা সেটা তুলে ধরতে পারি।

**অ্যাক্সেসিবিলিটি কপি**


সেরিব্রাল পোলজি আক্রান্ত ব্যক্তিদের ছবি দিয়ে তৈরি মোজাইক এফেক্ট সম্বলিত বিশ্ব মানচিত্রের একটি গ্রাফিক। মানচিত্র থেকে কিছু ছবি তুলে ধরা হয়েছে, যেখানে বন্ধুবান্ধব এবং পরিবারের সাথে সিপি'র লোকজনকে দেখানো হয়েছে। টেক্সটে লেখা আছে: "অংশগ্রহণের দু'টি উপায়:1) আপনার ছবি শেয়ার করুন। 2) কী পরিবর্তন করা দরকার সে সম্পর্কে পোস্ট করুন। আমরা অনন্য এবং ঐক্যবদ্ধ #Unique and United.

JPEG ডাউনলোড করুন

টেম্পলেট ডাউনলোড করুন

# সামাজিক পোস্ট

বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস
অক্টোবর ৬




**পোস্ট কপি**

সিপি আক্রান্ত ব্যক্তিদের আরও ভালোভাবে সহায়তা করার জন্য আপনার কমিউনিটির কী প্রয়োজন? আপনার বার্তা পোস্ট করুন এবং কেন অন্তর্ভুক্তি গুরুত্বপূর্ণ সেটা ফুটিয়ে তুলুন।


**অ্যাক্সেসিবিলিটি কপি**

সেরিব্রাল পোলজি আক্রান্ত ব্যক্তিদের ছবি দিয়ে তৈরি মোজাইক এফেক্ট সম্বলিত বিশ্ব মানচিত্রের একটি গ্রাফিক। মোটা অক্ষরে লেখা আছে: "কী পরিবর্তন করা দরকার সে সম্পর্কে পোস্ট করুন। আমরা অনন্য এবং ঐক্যবদ্ধ #Unique and United."

JPEG ডাউনলোড করুন

টেম্পলেট ডাউনলোড করুন

---




**পোস্ট কপি**

সেরিব্রাল পোলজিতে আক্রান্ত ব্যক্তিদের মুখ এবং গল্প দিয়ে সোশ্যাল মিডিয়া দখল করতে সহায়তা করুন।

আমরা কে - এবং কেন অন্তর্ভুক্তি গুরুত্বপূর্ণ বিশ্বের সামনে তা তুলে ধরুন।

**অ্যাক্সেসিবিলিটি কপি**

সেরিব্রাল পোলজি আক্রান্ত ব্যক্তিদের ছবি দিয়ে তৈরি মোজাইক এফেক্ট সম্বলিত বিশ্ব মানচিত্রের একটি গ্রাফিক। মোটা অক্ষরে লেখা আছে: "আনুমানিক 5 কোটি মানুষ সিপি আক্রান্ত।" উপশিরোনামে লেখা আছে: "একত্রে আমরা দেখাতে পারি কেন অন্তর্ভুক্তি গুরুত্বপূর্ণ।" #UniqueAndUnited হ্যাশট্যাগটি আলাদাভাবে দেখা যাচ্ছে।

JPEG ডাউনলোড করুন

টেম্পলেট ডাউনলোড করুন

# সামাজিক পোস্ট

বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস
অক্টোবর ৬




### পোস্ট কপি

সিপি আক্রান্ত ব্যক্তিদের আরও ভালোভাবে সহায়তা করার জন্য আপনার কমিউনিটির কী প্রয়োজন? এই বিশ্ব সিপি দিবসে আপনার বার্তা পোস্ট করুন এবং পরিবর্তন আনতে সহায়তা করুন।

### অ্যাক্সেসিবিলিটি কপি

সেরিব্রাল পোলজিতে আক্রান্ত ব্যক্তিদের একটি কোলাজ। হুইলচেয়ারে এক যুবক, গর্বের সাথে দাঁড়িয়ে থাকা এক আফ্রিকান নারী, এবং দুই যুবক একসাথে হাসছেন, একজন ওয়াকিং ফ্রেম ব্যবহার করছেন। মোটা অক্ষরে লেখা আছে: “আমাদের চাহিদা অনন্য, তাই সমাধানও অবশ্যই তেমনই হতে হবে!” নিচে #UniqueAndUnited হ্যাশট্যাগটি দেখা যাচ্ছে।

JPEG ডাউনলোড করুন

টেম্পলেট ডাউনলোড করুন

---




### পোস্ট কপি

শৈশবে সিপি হলো সবচেয়ে সাধারণ শারীরিক অক্ষমতা, এবং তবুও আমরা এখন পর্যন্ত নিজেদের তুলে ধরার জন্য লড়াই করছি। আসুন এটা পরিবর্তন করি।

আসুন বিশ্বকে দেখাই যে, আমরা আনুমানিক 5 কোটি লোক ঐক্যবদ্ধ। #UniqueAndUnited

### অ্যাক্সেসিবিলিটি কপি


সেরিব্রাল পোলজি আক্রান্ত ব্যক্তিদের ছবির মোজাইক সম্বলিত গ্লোব আকৃতির একটি বিশ্ব মানচিত্র। একটি বৃত্তাকার ব্যানার নিয়ে গ্লোবটি মোড়ানো, যেখানে “5 কোটি। 5 কোটি। 5 কোটি” শব্দগুলোর পুনরাবৃত্তি করা হয়েছে। উপরে মোটা অক্ষরে লেখা আছে: “বিশ্বব্যাপী সেরিব্রাল পোলজি আক্রান্ত ব্যক্তিদের নতুন আনুমানিক সংখ্যা।”

JPEG ডাউনলোড করুন

টেম্পলেট ডাউনলোড করুন

# সামাজিক পোস্ট

বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস
অক্টোবর ৬




### পোস্ট কপি

প্রতিটি পোস্টই পরিবর্তন নিয়ে আসে।

আমরা কোনো ছোট কমিউনিটি নই, আমাদের আনুমানিক সংখ্যা 5 কোটি।

প্রতিটি ছবি, প্রতিটি গল্প, প্রতিটি রিল বিশ্বজুড়ে সিপি আক্রান্ত ব্যক্তিদের তুলে ধরতে সহায়তা করে। এটা নিজেদের তুলে ধরা, স্বীকৃতি প্রাপ্তি এবং পরিবর্তন আনার বিষয়ে।

তাই আপনি যেভাবেই যোগাযোগ করুন না কেন, যোগ দিন।

আসুন এই বিশ্ব সিপি দিবসে সোশ্যাল মিডিয়া ফিড দখল করি।

### অ্যাক্সেসিবিলিটি কপি

পৃথিবীর আকারে তৈরি একটি বিশ্ব মানচিত্রের গ্রাফিক, যার চারপাশে একটি ব্যানার মোড়ানো, যেখানে লেখা আছে "5 কোটি"। পৃথিবীর কেন্দ্রে #UniqueAndUnited হ্যাশট্যাগ রয়েছে। উপরে মোটা অক্ষরে লেখা আছে: "প্রতিটি পোস্টই পরিবর্তন নিয়ে আসে।"

JPEG ডাউনলোড করুন

টেম্পলেট ডাউনলোড করুন

---




### পোস্ট কপি

আসুন, এই বিশ্ব সিপি দিবসে আনুমানিক 5 কোটি অনন্য মুখ এবং সিপি'র গল্প সহযোগে সোশ্যাল মিডিয়া দখল করি। #UniqueAndUnited

### অ্যাক্সেসিবিলিটি কপি

সারা বিশ্বের সিপি আক্রান্ত মানুষের কোলাজ। টেক্সটে লেখা আছে "আপনার গল্প সিপি সম্পর্কে বিশ্বের ধারণা গঠনে সহায়তা করে।"

JPEG ডাউনলোড করুন

টেম্পলেট ডাউনলোড করুন

# সামাজিক পোস্ট

বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস
অক্টোবর ৬




### পোস্ট কপি

ভাবছেন একটি সামাজিক পোস্ট কোনো পরিবর্তন আনতে পারে না? আবার ভাবুন।

এটি সচেতনতা বৃদ্ধি করে।

আক্রান্তদের জীবন আসলে কেমন এটি বিশ্বের কাছে তা তুলে ধরে।

এটি সরকার এবং সিদ্ধান্ত গ্রহণকারীদের কাছে নিয়ে যাওয়ার জন্য অ্যাডভোকেসি সংস্থাগুলোকে প্রমাণ সরবরাহ করে।

প্রতিটি পোস্ট আমাদের সম্মিলিত কণ্ঠস্বরকে আরও জোরালো করে। এবং সেই কণ্ঠস্বর উপেক্ষা করা অসম্ভব।
#UniqueAndUnited

### অ্যাক্সেসিবিলিটি কপি

দুই তরুণ ভাই, একজন অন্যজনের হুইলচেয়ার ঠেলছেন। তার পাশেই একটি গ্লোবের মতো আকৃতির বিশ্ব মানচিত্রের গ্রাফিক, যার উপর #UniqueAndUnited হ্যাশট্যাগ লেখা। মোটা অক্ষরে লেখা আছে: "আপনার পোস্টটি নিছক একটি ছবির চেয়েও বেশি কিছু। এটা হলো প্রমাণ। এটা হলো শক্তি।"

JPEG ডাউনলোড করুন

টেম্পলেট ডাউনলোড করুন

# সামাজিক পোস্ট

বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস অক্টোবর ৬




## ক্যারোজেল পোস্ট কপি

এই বিশ্ব সিপি দিবসে আমরা যা আমাদের প্রত্যেককে অনন্য করে তোলে, এবং আমরা একত্রিত হলে তখন যে শক্তি অর্জন করি তা উদযাপন করছি।

## অ্যাক্সেসিবিলিটি কপি

ছবি 1: সেরিব্রাল পোলজি আক্রান্ত ব্যক্তিদের ছবি দিয়ে তৈরি মোজাইক এফেক্টসহ বিশ্ব মানচিত্রের একটি গ্রাফিক। মোটা অক্ষরে লেখা আছে: "এই বিশ্ব সিপি দিবসে আপনার এবং আপনার সহযোগীদের একটি ছবি শেয়ার করুন।"

ছবি 2: বাইরে বনে দুই ব্যক্তির হাঁটার ছবি। একজন হাঁটার জন্য একটি ফ্রেম ব্যবহার করছেন। তারা হাসছেন এবং একত্রে তাদের সময় উপভোগ করছেন। টেক্সটে লেখা আছে: "একত্রে আমরা সিপি আক্রান্ত ব্যক্তিদের অনন্য মুখ এবং গল্প দিয়ে সোশ্যাল মিডিয়া ফিড দখল করতে পারি।"

JPEG ডাউনলোড করুন

টেম্পলেট ডাউনলোড করুন

---




## ক্যারোজেল পোস্ট কপি

ভাবছেন একটি সামাজিক পোস্ট কোনো পরিবর্তন আনতে পারে না? আবার ভাবুন।

এটি সচেতনতা বৃদ্ধি করে।

আক্রান্তদের জীবন আসলে কেমন এটি বিশ্বের কাছে তা তুলে ধরে।

এটি সরকার এবং সিদ্ধান্ত গ্রহণকারীদের কাছে নিয়ে যাওয়ার জন্য অ্যাডভোকেসি সংস্থাগুলোকে প্রমাণ সরবরাহ করে।

প্রতিটি পোস্ট আমাদের সম্মিলিত কণ্ঠস্বরকে আরও জোরালো করে। এবং সেই কণ্ঠস্বর উপেক্ষা করা অসম্ভব।
#UniqueAndUnited

## অ্যাক্সেসিবিলিটি কপি

সেরিব্রাল পোলজি আক্রান্ত ব্যক্তিদের ছবি দিয়ে তৈরি মোজাইক এফেক্টসহ বিশ্ব মানচিত্র সম্বলিত একটি দুই-ফ্রেমের অবিচ্ছিন্ন নকশা। সারা বিশ্বের মানুষকে তুলে ধরার জন্য গ্লোবের ছবি তোলা হয়েছে। মোটা অক্ষরে লেখা আছে: "আপনার পোস্টটি নিছক একটি ছবির চেয়েও বেশি কিছু। এটি হলো প্রমাণ। এটি হলো শক্তি।" নিচের সহায়ক লেখায় বলা হয়েছে: "এটি সচেতনতা বৃদ্ধি করে। এটি আপনার গল্প বলে। এটি পরিবর্তনের জন্য লড়াইয়ে সমর্থকদের সহায়তা করে।"

JPEG ডাউনলোড করুন

টেম্পলেট ডাউনলোড করুন

# সামাজিক পোস্ট

বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস
অক্টোবর ৬

JPEG ডাউনলোড করুন

টেম্পলেট ডাউনলোড করুন




### ক্যারোজেল পোস্ট কপি

কী পোস্ট করবেন বুঝতে পারছেন না? আপনাকে যা আপনি করে তোলে তা দিয়ে শুরু করুন।

কিছু অনুপ্রেরণামূলক উদাহরণ:
আপনার পছন্দের কাজটি করছেন।
স্কুলে বা বিশ্ববিদ্যালয়ে।
আপনার বন্ধুদের সঙ্গে সময় কাটাচ্ছেন।
আপনার সহকর্মীদের সঙ্গে।
ঘরে আপনার প্রতিদিনের দুর্দান্ত রূপে।

প্রতিটি ছবি বৃহত্তর ছবির সাথে যুক্ত হয়, যা বিশ্বের সামনে সিপি'র বিশেষত্ব তুলে ধরে।

আসুন একত্রে ফিড পূরণ করি।
#WorldCPDay#UniqueAndUnited

### অ্যাক্সেসিবিলিটি কপি

ছবি 1: বাস্কেটবল কোর্টে এক হাত বাঁকিয়ে বাস্কেটবল ধরে হুইলচেয়ারে বসে থাকা এক নারী। তিনি আত্মবিশ্বাসের সাথে হাসছেন। টেক্সটে লেখা আছে: "কী পোস্ট করবেন বুঝতে পারছেন না? আপনাকে যা আপনি করে তোলে তা দিয়ে শুরু করুন।"

ছবি 2 ও 3 (ধারাবাহিক নকশা): সেরিব্রাল পোলজি আক্রান্ত ব্যক্তিদের ছবি দিয়ে তৈরি মোজাইক এফেক্ট সম্বলিত একটি বিশ্ব মানচিত্র। কিছু ছবি তুলে সারা বিশ্বের ব্যক্তি, পরিবার এবং ক্রীড়া দল দেখানো হয়েছে। মানচিত্র জুড়ে লেখা আছে: "আপনার পছন্দের কাজ করছেন", "স্কুলে", "আপনার বন্ধুদের সঙ্গে", "শুধু নিজেকে নিজের দুর্দান্ত রূপে প্রকাশ"। নকশা জুড়ে মোটা অক্ষরে লেখা আছে: "চলুন সোশ্যাল মিডিয়া ফিড দখল করি!"

# ছবির ফ্রেম

বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস
অক্টোবর ৬

অনুগ্রহ করে মনে রাখবেন, ছবি হলো প্লেসহোল্ডার। এটি এমন একটি ফ্রেম যা ছবি এবং ভিডিও'র উপরে রাখা যেতে পারে।




শুধু লকআপ ও লোগো

PNGs ডাউনলোড করুন

টেম্পলেট ডাউনলোড করুন




লকআপ, লোগো ও গ্লোব

PNGs ডাউনলোড করুন

টেম্পলেট ডাউনলোড করুন

# ছবির ফ্রেম

বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস অক্টোবর ৬




শুধু লকআপ ও লোগো

PNGs ডাউনলোড করুন

টেম্পলেট ডাউনলোড করুন




শুধু লকআপ ও লোগো

PNGs ডাউনলোড করুন


টেম্পলেট ডাউনলোড করুন

অনুগ্রহ করে মনে রাখবেন, ছবি হলো প্লেসহোল্ডার। এটি এমন একটি ফ্রেম যা ছবি এবং ভিডিও'র উপরে রাখা যেতে পারে।

# ছবির ফ্রেম



অনুগ্রহ করে মনে রাখবেন, ছবি হলো প্লেসহোল্ডার
এবং প্লেসহোল্ডারের লেখা সম্পাদনা করা যায়।




শুধু লোগো, লকআপ ও গ্লোব





লোগো, লকআপ, গ্লোব ও দু'টি ছবি

টেম্পলেট ডাউনলোড করুন

টেম্পলেট ডাউনলোড করুন

# ছবির ফ্রেম




শুধু লোগো, লকআপ ও গ্লোব

টেম্পলেট ডাউনলোড করুন




লোগো, লকআপ, গ্লোব ও দু'টি ছবি

টেম্পলেট ডাউনলোড করুন

অনুগ্রহ করে মনে রাখবেন, ছবি হলো প্লেসহোল্ডার এবং প্লেসহোল্ডারের লেখা সম্পাদনা করা যায়।

# স্টিকার

WCPD লোগো

PNGs ডাউনলোড করুন

বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস
অক্টোবর ৬

বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস
অক্টোবর ৬

বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস
অক্টোবর ৬

বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস
অক্টোবর ৬

বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস
অক্টোবর ৬

বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস
অক্টোবর ৬

# স্টিকার

PNGs ডাউনলোড করুন

#UNIQUE AND UNITED

























# পূর্বে লিখিত ইমেইল/চিঠির টেমপ্লেট

বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস
অক্টোবর ৬




**বিষয়:** বিশ্ব সিপি দিবসে সেরিব্রাল পোলজি আক্রান্ত ব্যক্তিদের জন্য সহায়তা

প্রিয় [নাম],

৬ অক্টোবর **বিশ্ব সেরিব্রাল পোলজি** দিবসের অংশ হিসেবে আমাদের কমিউনিটির সেরিব্রাল পোলজি আক্রান্ত ব্যক্তিদের জন্য সুযোগ-সুবিধা বৃদ্ধি করতে আপনার সহায়তা চাওয়ার লক্ষ্যে আমি যোগাযোগ করছি।

আমরা প্রত্যেকেই অনন্য — এবং একত্রে, আরও ভালোভাবে অন্তর্ভুক্তি এবং অ্যাক্সেসযোগ্যতার আহ্বান জানাতে আমরা ঐক্যবদ্ধ। [স্থানীয় চাহিদা বা চ্যালেঞ্জ সম্পর্কে 1–2 টি বাক্য যোগ করুন — যেমন সেবার ক্ষেত্রে বাধা, শিক্ষায় অ্যাক্সেস, বা বৈষম্য।]

আমি আশা করি, আপনি এই গুরুত্বপূর্ণ দিনটি উদযাপনে আমাদের সাথে যোগ দেবেন এবং সবার জন্য আরও অন্তর্ভুক্তিমূলক ভবিষ্যতের লক্ষ্যে কাজ করবেন।.

বিনীত,
[আপনার নাম / সংস্থা]

আপনার চাওয়া জোরালো করে তুলতে মূল তথ্যপত্রটি ব্যবহার করুন!

# সিপি সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য এবং পরিসংখ্যান

বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস
অক্টোবর ৬




## সিপি কী?

- সেরিব্রাল পোলজি হলো বিশ্বব্যাপী সর্বোচ্চ দৃশ্যমান আজীবন শারীরিক অক্ষমতা।
  *উৎস: PETERSON 2024

- গর্ভাবস্থায়, জন্মের সময়, অথবা জীবনের প্রথম দুই বছরে মস্তিষ্কের ক্ষতির কারণে সেরিব্রাল পোলজি হয়ে থাকে।

- সেরিব্রাল পোলজি মূলত নড়াচড়া, ভঙ্গি এবং সমন্বয়কে প্রভাবিত করে। তবে, এটি মৃগীরোগ, বিভিন্ন আচরণগত ব্যাধি এবং বুদ্ধিবৃত্তিক অক্ষমতার মতো গৌণ অবস্থার সাথেও সম্পর্কিত হতে পারে। সেরিব্রাল পোলজিতে আক্রান্ত ব্যক্তিদের যোগাযোগ, খাদ্য গ্রহণ, দৃষ্টি এবং শ্রবণের ক্ষেত্রে সমস্যা হতে পারে।
  *উৎস: ROSENBAUM, 2007

- সেরিব্রাল পোলজি প্রত্যেককে ভিন্নভাবে প্রভাবিত করে এবং এর জন্য উপযুক্ত এবং অব্যাহত স্বাস্থ্য এবং পুনর্বাসন সহায়তা প্রয়োজন।

# সিপি সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য এবং পরিসংখ্যান

বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস
অক্টোবর ৬




## বিশ্বব্যাপী সিপি'র অবস্থা কেমন?

- **ব্যাপকতা:** বিশ্বব্যাপী আনুমানিক 5 কোটি* মানুষ সেরিব্রাল পোলজিতে আক্রান্ত এবং আনুমানিক 35 কোটি বাবা-মা, পরিচর্যাকারী এবং পরিবারের সদস্যের উপর এর সরাসরি প্রভাব রয়েছে।
  *উৎস: CIEZA 2021
- **ব্যাপকতা:** নিম্ন ও মধ্য আয়ের দেশগুলোতে (LMIC) শিশু মৃত্যুহার হ্রাস পাওয়ার সাথে সাথে সেরিব্রাল পোলজি আক্রান্ত প্রতিবন্ধিত্ব সম্পন্ন শিশুদের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে, যা স্বাস্থ্য, শিক্ষা এবং সামাজিক সহায়তা ব্যবস্থার উপর ক্রমবর্ধমান চাপ তৈরি করছে। *উৎস: SUMON 2024
- **সেবায় অ্যাক্সেস:** অনেক নিম্ন-আয়ের দেশে সেরিব্রাল পোলজি আক্রান্ত 80% এরও বেশি শিশু কোনো ধরনের পুনর্বাসন বা সেবার বাইরে রয়েছে। এটি একটি বৈশ্বিক ব্যর্থতা, যা লক্ষ্য লক্ষ শিশুকে চলাফেরা, শেখা বা উন্নতির সুযোগ থেকে বঞ্চিত করছে। *উৎস: AL IMAM 2021, JAHAN 2021
- **শিক্ষা ক্ষেত্রে বঞ্চনা:** অনেক নিম্ন-আয়ের দেশে, সেরিব্রাল পোলজিতে আক্রান্ত দুই-তৃতীয়াংশেরও বেশি শিশু মূলধারার বা অন্য কোনো আনুষ্ঠানিক শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত থাকে। *উৎস: JAHAN 2021

# সিপি সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য এবং পরিসংখ্যান






## সিপি'র বিশ্বব্যাপী অবস্থা কী?

- **লৈঙ্গিক সমতা এবং মাতৃস্বাস্থ্য**
    - প্রতিবন্ধী শিশুর পরিচর্যা করার বিষয়টি পরিবার, বিশেষ করে মায়েদের উপর নেতিবাচক প্রভাব ফেলে, যার ফলে স্বাস্থ্যের অবনতি, আয় হ্রাস এবং কর্মশক্তিতে অংশগ্রহণ হ্রাস পায়।
      *উৎস: TONMUKAYAKUL 2018
    - মা: মাতৃস্বাস্থ্য এবং প্রসবকালীন পরিচর্যার উন্নয়ন ঘটালে সেরিব্রাল পোলজি কিছু ক্ষেত্রে প্রতিরোধ করা যেতে পারে, অথচও লক্ষ লক্ষ নারী এখনও প্রয়োজনীয় সেবা থেকে বঞ্চিত।
      *উৎস: BADAWI ET AL., 2020
- **হস্তক্ষেপমূলক সেবার ক্ষেত্রে বিলম্ব:** নিম্ন-সম্পদের পরিবেশে সিপি আক্রান্ত শিশুদের পুনর্বাসনের ক্ষেত্রে প্রায়ই তা সুপারিশকৃত সময়ের চেয়ে অনেক বিলম্বে শুরু হয়, যা ফলাফল এবং জীবনের মানকে ক্ষতিগ্রস্ত করে।
- **সুযোগের ক্ষেত্রে ঘাটতি:** বিশ্বব্যাপী সিপি আক্রান্ত শিশুরা সবচেয়ে মৌলিক সেবা - পুনর্বাসন, শিক্ষা এবং অন্তর্ভুক্তির ক্ষেত্রে সমান সুযোগ থেকে বঞ্চিত, যদিও স্পষ্ট প্রমাণ রয়েছে যে এগুলো ইতিবাচক ফলাফল প্রদান করে।
- **মৃত্যুহার:** বিশ্বব্যাপী 5 বছরের কম বয়সী শিশুদের মৃত্যুহার 4% এর নিচে নেমে আসলেও গুরুতর সেরিব্রাল পোলজিতে আক্রান্ত শিশুদের ক্ষেত্রে ঝুঁকি পাঁচ গুণ বেশি, যারা প্রায়ই অপুষ্টি এবং সংক্রমণের মতো প্রতিরোধযোগ্য কারণে মারা যায়। *উৎস: UNICEF 2023; BLAIR ET AL., 2019; GLM-CPR

# পরামর্শ

## শেয়ার করা হলো প্রথম ধাপ — এমনকি একটি সাধারণ পোস্টও পরিবর্তন নিয়ে আসতে পারে!

1. আপনার পোস্ট সহজ এবং সংক্ষিপ্ত রাখুন — সরল ভাষাই সবচেয়ে ভালো কাজ করে।
2. মনোযোগ আকর্ষণের জন্য একটি ছবি বা গ্রাফিক অন্তর্ভুক্ত করুন।
3. আপনার কমিউনিটির লোকেদেরও তাদের ছবি এবং বার্তা শেয়ার করতে উৎসাহিত করুন!
4. #UniqueAndUnited হ্যাশট্যাগ ব্যবহার করুন এবং @worldcpday-কে ট্যাগ করুন, যাতে আমরা আপনার পোস্টগুলো দেখতে এবং তা আরও ছড়িয়ে দিতে পারি।





# বিশ্ব সেরিব্রাল পোলজি দিবস

**অক্টোবর ৬**

সহায়তার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন:
contact@worldcpday.org

**Social**
@worldcpday

